ঝিনাইদহে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বীরপ্রতিক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে শহরের এইচএসএস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন করে দলটির জেলা শাখা।

এতে জেলা বিএনপি আহ্বায়ক অ্যাড. এস এম মশিউর রহমান, সদস্য সচিব অ্যাড. এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, আক্তারুজ্জামান, পৌর বিএনপি আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, জিয়াউর রহমানের বীরপ্রতীক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদ ও ঢাকায় বিএনপির নেতাকর্মীদের উপর পুলিশি হামলার তীব্র নিন্দা জানান।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ সমাবেশ

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ‘বীর উত্তম’ খেতাব বাতিল করার সিদ্ধান্তের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

সভাপতির বক্তব্যে বলেন, এই সরকার মুক্তিযুদ্ধের চেতনার কথা বলে মাফিয়া চক্র, কালো টাকার মালিক ও লুটেরাদের নিয়ে দেশ পরিচালনা করছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী শুভক্ষণে শহীদ জিয়াউর রহমান বীর

উত্তম খেতাব বাতিলের সিদ্ধান্ত প্রমাণ করে ভোটারবিহীন সরকার অধিপত্যবাদের কাছে দেশের স্বাধীনতা সর্বভৌমত্ত বন্ধক রাখতে চায়। খেতাব বাতিলের এই সিদ্ধান্ত থেকে সরে আসতে তিনি সংশ্লিষ্টদের প্রতি উদাত্ত আহবান জানান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশগ্রহণ করেন।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৩ বছর কারাবন্দী দিবস উপলক্ষে মেহেরপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

আজ সোমবার ৮ই ফেব্রুয়ারী সকাল ১০টায় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আঃ রহিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম সহ জেলা অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, আধিপত্যবাদী শক্তির দোসর লুটেরা ও কালোটাকার মালিকদের সেবাদাস বর্তমান সরকার অবৈধভাবে ক্ষমতায় থাকার লক্ষ্যে বেগম খালেদা জিয়াকে কারাবন্দী রেখেছে।

কারচুপির চিত্র তুলে ধরতে ছয় বিভাগে সমাবেশের ঘোষণা

ভোট কারচুপির প্রতিবাদে এবং সুষ্ঠু নির্বাচনের দাবিতে ছয় বিভাগীয় শহরে সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনার বিএনপি দলীয় মেয়রপ্রার্থীরা।

.

গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে বরিশাল সিটি করপোরেশনের মেয়র প্রার্থী বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার এই কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে চট্টগ্রামে ১৩ ফেব্রুয়ারি, বরিশালে ১৮ ফেব্রুয়ারি, খুলনায় ২৭ ফেব্রুয়ারি, রাজশাহীতে ১ মার্চ, ঢাকা উত্তর ৩ মার্চ এবং ঢাকা দক্ষিণে ৪ মার্চ সমাবেশ।

সরোয়ার বলেন, ছয় মহানগরে ছয়টি সমাবেশ করার সিদ্ধান্ত নিয়েছি। আমরা জনতার সামনে ভোট কারচুপির বিষয়গুলো তুলে ধরতে চাই। ভোটের অধিকারের কথা বলতে চাই। প্রধানমন্ত্রীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমরা বলতে চাই, আমাদের জনগণের কাছে যেতে যেন কোনো বাধা না দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে সারোয়ার ছাড়াও রাজশাহীর মোসাদ্দেক হোসেন বুলবুল, চট্টগ্রামের ডা. শাহাদাত হোসেন, ঢাকা উত্তরের তাবিথ আউয়াল ও ঢাকা দক্ষিণের ইশরাক হোসেন উপস্থিত ছিলেন। খুলনার মেয়র প্রার্থী নজরুল ইসলাম মঞ্জু অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন। আয়োজকরা জানান, পারিবারিক কারণে তিনি খুলনায় গেছেন।

এ সময় বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী উপস্থিত থাকলেও তিনি কোনো বক্তব্য রাখেননি। এক প্রশ্নের জবাবে চট্টগ্রামের মেয়র প্রার্থী ডা. শাহাদাত হোসেন বলেন, আমরা ভেবেছিলাম সরকারের শুভবুদ্ধির উদয় হবে-চট্টগ্রামে নিরপেক্ষ নির্বাচন হবে। কিন্তু আমরা দেখছি চট্টগ্রামের সিটি নির্বাচনে রাষ্ট্রযন্ত্র, প্রশাসনযন্ত্র, আওয়ামী লীগ ও সরকার মিলেমিশে একাকার হয়ে গেছে।

এই যে ছয়টি মহানগরে সমাবেশ হবে- এগুলো অত্যন্ত শান্তিপূর্ণভাবে হবে। জনগণ আমাদের প্রধান শক্তি। আমরা তাদের কাছে আপিল করব-নিরপেক্ষ গ্রহণযোগ্য বডির অধীনে নির্বাচন চাই, যে বডি কারচুপি করবে না।

ঢাকা উত্তরের সিটি নির্বাচনে ধানের শীষের প্রার্থী তাবিথ আউয়াল বলেন, একবছরপূর্তি হতে যাচ্ছে ঢাকা উত্তর সিটি করপোরেশন নির্বাচনের। একটা তামাশার নির্বাচন হয়েছিল।

তিনি বলেন, আমাদের ভোটের অধিকার ফিরিয়ে আনতে হবে। গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। এজন্য আমাদের জনমত গড়ে তুলতে হবে।

ঢাকা দক্ষিণের ধানের শীষের প্রার্থী ইশরাক হোসেন বলেন, এই সরকারের অধীনে যদি এক হাজারটা নির্বাচন হয়, তাহলে একই ফলাফল হবে। যে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ছিল, সেই ব্যবস্থায় ফিরে না যাওয়া পর্যন্ত বাংলাদেশ স্বাধীন রাষ্ট্রে আর কোনোদিনও ফেরত যাবে না।

ঝিনাইদহে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নড়াইল আদালতে তারেক রহমানের নামে সাজার প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে শুক্রবার সকালে শহরের আরাপপুর এলাকা থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম শফি, সিনিয়র যুগ্ম সম্পাদক রিন্টু মুন্সী, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক মশিউর রহমান, জেলা শাখার অর্থ সম্পাদক ফারুক হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহম্মেদ রাজিব, মৎস্যজীবি দলের আহ্বায়ক

মুস্তাফিজুর রহমান খোকন, স্বেচ্ছাসেবক দল নেতা উজ্জল হোসেন, আনোয়ার হোসেনসহ জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।

এসময় বক্তারা, নড়াইল আদালতে তারেক রহমানের সাজা দেওয়ার প্রতিবাদ জানিয়ে তা বাতিল করার দাবি জানান।

মিয়ানমার পরিস্থিতিতে বিএনপির উদ্বেগ

গণতান্ত্রিকভাবে নির্বাচিত সংসদ বাতিল করে মিয়ানমারের সেনাপ্রধানের নেতৃত্বে রাষ্ট্রক্ষমতা দখলের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বিএনপি। গতকাল মঙ্গলবার বিএনপির সহ-দফতর সম্পাদক তাইফুল ইসলাম টিপু স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ উদ্বেগ প্রকাশ করা হয়।

বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ‘গণতন্ত্র, সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রক্ষমতার পরিবর্তন, আইনের শাসন ও মৌলিক মানবাধিকার অগ্রাহ্য করে জনগণের ওপর কর্তৃত্ববাদী শাসনের নির্মম শিকার বাংলাদেশের জনগণের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি মনে করে যে, দীর্ঘ আন্দোলনের মাধ্যমে মিয়ানমারের জনগণ গণতান্ত্রিক অধিকার ও শাসনব্যবস্থা অর্জন করেছিলেন, তা কেড়ে নেওয়া অনৈতিক ও অগ্রহণযোগ্য।

তিনি বলেন, ‘জনগণের দ্বারা নির্বাচিত, জনগণের কাছে দায়বদ্ধ ও জবাবদিহির রাজনৈতিক সংস্কৃতির অনুপস্থিতি প্রতিবেশী মিয়ানমারের জনগণ কতটা ক্ষতিগ্রস্ত হবে-তা’ বাংলাদেশের ভুক্তভোগী জনগণ ভালোভাবেই অনুভব করে, বিধায় বাংলাদেশের জনগণ মিয়ানমারে গণতান্ত্রিক শাসনব্যবস্থা অব্যাহত দেখতে চায়।’

মির্জা ফখরুল বলেন, ‘গত কয়েক বছর ধরে মিয়ানমার থেকে বিতাড়িত কয়েক লাখ রোহিঙ্গা বাংলাদেশে অবস্থান করলেও তাদের নিরাপদ প্রত্যাবর্তনের কোনো ব্যবস্থা বাংলাদেশ সরকার করতে পারেনি।

নতুন এই রাজনৈতিক পরিপ্রেক্ষিতে বিষয়টি যাতে আরও দুস্কর কিংবা জটিল না হয়ে পড়ে, সে ব্যাপারে দ্রুত কার্যকর কূটনৈতিক ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি জোর দাবি জানাচ্ছে বিএনপি।’ বিডি প্রতিদিন

চট্টগ্রামে আরেকটি প্রহসনের নির্বাচন চলছে: রিজভী

চট্টগ্রামে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও ইসির যৌথ প্রযোজনায় আরেকটি প্রহসনের নির্বাচন চলছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী।

বুধবার সকালে আরাফাত রহমান কোকোর মৃত্যুবার্ষিকী উপলক্ষে মুন্সীগঞ্জের সিরাজদিখানে শীতবস্ত্র বিতরণকালে তিনি এ অভিযোগ করেন।

রিজভী বলেন, চসিক নির্বাচনকে কেন্দ্র করে চট্টগ্রামে পুলিশি তাণ্ডব চলেছে। সেখানে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা একদিন আগে মিটিং করে নির্দেশনা দিয়েছেন, কীভাবে বিএনপি নেতাদের গ্রেফতার করে, এজেন্টদের গ্রেফতার করে বিএনপিকে এলাকাশূন্য করে ভোট ডাকাতি করা যায়। তারা তাই করছেন। এ নির্বাচন প্রহসন ছাড়া আর কিছুই নয়।

তিনি বলেন, বুধবার প্রভুদের খুশি করতে বাংলাদেশে করোনার টিকার ট্রায়াল শুরু হচ্ছে। মানুষের জীবন ঝুঁকিতে ফেলে এই টিকা দেওয়া হচ্ছে।

বিএনপির স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর শরাফত আলী সপুর উদ্যোগে শীতবস্ত্র বিতরণে আরও উপস্থিত ছিলেন বিএনপির সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক ও মুন্সীগঞ্জ জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুজ্জামান রতন, সিরাজদিখান উপজেলা বিএনপির সভাপতি আব্দুল কুদ্দুস ধীরন, সাধারণ সম্পাদক আওলাদ হোসেন, সাংগঠনিক সম্পাদক সোহেল আহমেদ, স্বেচ্ছাসেবক দলের ভাইস চেয়ারম্যান আওলাদ হোসেন উজ্জ্বল, জেলা

বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জসিম উদ্দিন খান, ছাত্রদল নেতা মুন্নাসহ স্থানীয় নেতাকর্মীরা।

কালীগঞ্জ পৌরসভা নির্বাচন: বিএনপির একক প্রার্থী মাহবুবার রহমান

আসন্ন ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর স্থানীয় নেতাদের মতামতের ভিত্তিতে বিএনপির একক দলীয় প্রার্থী হিসেবে সাবেক মেয়র ও কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ¦ মাহবুবার রহমানের নাম সুপারিশ করে কেন্দ্রে পাঠানো হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ জেলা বিএনপির সদস্য সচিব আব্দুল মজিদ। তিনি বলেন, গতকাল সোমবার ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনের দলীয় প্রার্থী ঠিক করতে জেলা বিএনপি কার্যালয়ে উপজেলা ও পৌর বিএনপির আহবায়ক ও যুগ্ম আহবায়কদের নিয়ে একটি সভা আহবান করা হয়।

সভায় সাবেক মেয়র ও উপজেলা বিএনপির আহবায়ক মাহবুবার রহমান ও মকলেছুর রহমান পিন্টু পৌরসভা নির্বাচনে মেয়র পদে নিজেরা প্রার্থী হওয়ার ইচ্ছা পোষণ করেন। দীর্ঘ আলোচনার পর মকলেছুর রহমান পিন্টু নিজের নাম প্রার্থী হওয়া থেকে প্রত্যাহার করেন। এরপর কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে মেয়র পদে উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানকে একক প্রার্থী হিসেবে কেন্দ্রে পাঠানো হয়েছে।

এর আগে গত ২৩ ফেব্রুয়ারি শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির এক বর্ধিত সভায় আলহাজ¦ মাহবুবার রহমানকে একক প্রার্থী হিসেবে নাম ঘোষণা করে জেলা বিএনপির কাছে সুপারিশ করা হয়।

সভায় উপস্থিত ছিলেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-৪ আসন থেকে বিএনপি মনোনীত প্রার্থী সাইফুল ইসলাম ফিরোজ। সভায় কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ২৮ ফেব্রুয়ারি, ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

ভাঙতে হবে স্বৈরাচারের দুঃশাসনের শৃঙ্খল: মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ১৯৬৯ সালে গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে গণতন্ত্র ও স্বাধীনতার দ্বার উন্মুক্ত হয়েছিল।

কিন্তু স্বাধীনতাপ্রাপ্তির অর্ধশতাব্দি অতিক্রান্ত হলেও দেশীয় কর্তৃত্ববাদী স্বৈরাচার ঔপনিবেশিক প্রভুদের মতো দুঃশাসন চালাচ্ছে। জনগণের নাগরিক স্বাধীনতা, মানবিক মর্যাদা ও নির্ভয়ে কথা বলার অধিকার নেই। দেশ এখন ঘোর দুর্দিন অতিক্রম করছে।

শনিবার বিকেলে ঐতিহাসিক গণঅভ্যুত্থান (২৪ জানুয়ারি) দিবস উপলক্ষে এক বাণীতে এসব কথা বলেন বিএনপি মহাসচিব।

মির্জা ফখরুল বলেন, দেশে ১৯৬৯ এর ন্যায় গণঅভ্যুথানের পরিস্থিতি বিরাজমান। আমাদের আবারো অধিকারহারা বঞ্চিত জনগণকে সাথে নিয়ে রাজপথে বেরিয়ে আসতে হবে। ভাঙতে হবে স্বৈরাচারের দুঃশাসনের শৃঙ্খল। দেশের গণতন্ত্র ও নাগরিকের মৌলিক অধিকার সুরক্ষায় গণঅভ্যুত্থান দিবস আমাদের প্রেরণার উৎস।

মেহেরপুরে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৫তম জন্মদিন পালিত

মেহেরপুরে বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৫তম জন্মদিন পালিত হয়েছে।

আজ মঙ্গলবার ১৯শে জানুয়ারী শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৫তম জন্মদিন উপলক্ষে জেলা বিএনপির উদ্দ্যোগে আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

তিনি বলেন, শহীদ জিয়ার স্বপ্ন স্বনির্ভর বাংলাদেশ বিনির্মাণ করতে হলে অবরুদ্ধ গণতন্ত্র পূনরুদ্ধারের মাধ্যমে জনগণের অধিকার ফিরিয়ে আনতে হবে।

এ সময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডঃ মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস সহ জেলা অংগ-সংগঠনের নেতৃবৃন্দ।